বাংলাদেশ পর্যটন করপোরেশন
পরিকল্পনা-১
বীর উত্তম এ কে খন্দকার সড়ক
৮৩-৮৮ মহাখালি বাণিজ্যিক এলাকা, মহাখালি, ঢাকা-১২১২

বাংলাদেশ পর্যটন করপোরেশন এর উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী বাপক কর্মকর্তা-কর্মচারিদের নিকট থেকে প্রাপ্ত উদ্ভাবনী আইডিয়া সমূহ হতে যাচাই বাছাই পূর্বক নির্বাচিত আইডিয়ার বিবরণী:

## সেবার নাম: ডিজিটাল সেবা।

| ক্রম | উদ্ভাবনের শিরোনাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | অধিক্ষেত্রে উদ্ভাবনের যৌক্তিকতা | বাস্তবায়নের জন্য ব্যয় সহ অন্যান্য বিবরণ | সারাদেশে বাপক এর অধিক্ষেত্রে বাস্তবায়ন সম্ভব কিনা? | প্রত্যাশিত ফলাফলের বিবরণ | উদ্ভাবকের নাম পরিচিতি |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) পরিচালিত ন্যাশানাল হোটেল এন্ড ট্যুরিজম ট্রেনিং ইন্সটিটিউট ( এনএইচটিটিআই)- কর্তৃক প্রদত্ত বিদ্যমান প্রশিক্ষণ কার্যক্রমের পাশাপাশি দেশে-বিদেশে অনলাইন-এ প্রশিক্ষণ কার্যক্রম চালু করণ। | পর্যটন একটি শ্রমঘন শিল্প। এই শিল্পের বিভিন্ন অঞ্জনে বিপুল সংখ্যক লোকের কর্মসংস্থানের সুযোগ রয়েছে। এই শিল্পের বিভিন্ন অঞ্জনে দক্ষ জনশক্তি সৃষ্টি করা গেলে এর চাহিদা বহুগুন বৃদ্ধি পাবে। বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) বাণিজ্যিক ভিত্তিক কর্মকান্ডের পাশাপাশি পর্যটন শিল্পে মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে ১৯৭৪ সালে জাতীয় হোটেল ও পর্যটন প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা করে। প্রতিষ্ঠার পর থেকে এ প্রশিক্ষণ ইনস্টিটিউটে প্রশিক্ষণের নিমিত্ত বিপুল সারা পাওয়া যায়। পরবর্তীতে ১৯৯০ সালে এ প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে UNDP/ILO কারিগরী সহায়তা পাওয়া যায় এবং ছাত্র/ছাত্রী প্রশিক্ষণের ক্ষেত্রে অভূতপূর্ব উন্নতি সাধিত হয়। এ পর্যন্ত পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে প্রায় ৪০,০০০ (চল্লশি হাজার) জন ছাত্র-ছাত্রীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে যারা দেশে বিদেশে বিভিন্ন পর্যটন সেক্টরে কর্মরত রয়েছে। উল্লেখ্য যে, প্রতিবছর এই প্রশিক্ষন ইনষ্টিটিউট হতে প্রায় ১৬০০ প্রশিক্ষণার্থী বিভিন্ন কারিক্যুলামে প্রশিক্ষণ গ্রহণ করে থাকেন। দিন দিন এই ইনস্টিটিউটের চাহিদা বৃদ্ধি পাচ্ছে যার ফলে ঢাকাস্থ একটিমাত্র ইনস্টিটিউট দিয়ে বর্ধিত চাহিদা পুরণ করা সম্ভব হচ্ছেনা। | বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) পরিচালিত হোটেল ম্যানেজম্যান্ট প্রশিক্ষণ হিসেবে শুধুমাত্র ঢাকাস্থ মহাখালিতে অবস্থিত বাপক একমাত্র প্রতিষ্ঠান এনএইচটিটিআই হতে করা হচ্ছে। সময়ের পরিবর্তনে প্রশিক্ষণ কার্যক্রম যুগোপযোগী ও আধুনিকীকরন করা হলেও যুগের চাহিদা অনুযায়ী সক্ষমতা বৃদ্ধি পায়নি। তাছাড়া বিদ্যমান প্রশিক্ষণ কার্যক্রমের নিয়মানুযায়ী শিক্ষার্থির বয়স, সময়, উপস্থিতি বিষয়ক সীমাবদ্ধতা বিদ্যমান। সুপরিকল্পনা গ্রহণ করত: কোর্সগুলো অনলাইনে করা সম্ভব হলে বিভিন্ন বয়সের দেশী, প্রবাসী এবং বিদেশী জনগণ (শুধু শিক্ষার্থি নয়, সকল বয়স ও স্তরের মানুষ) এই প্রশিক্ষণ কোর্স গ্রহন করতে পারবেন। একটি বিষয় উল্লেখ্য যে, শুধুমাত্র কর্মের জন্য নয় প্রতিদিনের প্রাত্যহিক স্বাস্থ্য সম্মত জীবন যাপনে এনএইচটিটিআই এর কোর্সগুলো বিশেষভাবে গৃহিনী সহ সমাজের সকল স্তরের মানুষের জন্য | এনএইচটিটিআই-এর অনুমোদিত বাজেটের মধ্যেই বাস্তবায়ন সম্ভব। | হ্যাঁ | # স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে দেশী , প্রবাসি ও বিদেশী সকল স্তরের জনগণের অংশগ্রহনে অধিক পরিমাণ প্রশিক্ষণার্থি অংশগ্রহন করতে পারবেন।<br># সমগ্র দেশ সহ বিশ্বব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালনা করা যাবে বিধায় বাপক এর সুনাম ও পরিচিতি বিশ্বব্যাপী ছড়িয়ে যাবে। সে সাথে আর্থিকভাবে বাপক এর লাভবান হওয়ার সম্ভাবনা তৈরী হবে।<br># বিদেশে কর্মরত অদক্ষ কর্মীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ কর্মী হিসেবে গড়ে তোলা যাবে এবং অধিক পরিমাণে বৈদেশিক মুদ্রা অর্জনে অবদান রাখবে। | বেগম জাহিদা বেগম, উপব্যবস্থাপক, এনএইচটিটিআই, বাপক, ঢাকা। |

Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | বর্তমান সরকারের আমলে বাংলাদেশ ডিজিটাল যুগে প্রবেশ করেছে। ডিজিটাল ক্ষেত্রে দেশের উন্নয়ন উল্লেখ করার মতো, বলা যায় বিশ্বমানের সকল সুবিধাদি সম্পন্ন। বর্তমান সময়ে প্রশিক্ষণ এর ক্ষেত্রে ডিজিটালি সম্পন্ন করা হলেও যুগের চাহিদা মোতাবেক পৃথক ভাবে সুপরিকল্পনা গ্রহন করত: অনলাইনে প্রাথমিক ভাবে এনসিসি কোর্স এর প্রশিক্ষণ কার্যক্রম গ্রহন করা যায়। পরবর্তীতে পর্যায়ক্রমে প্রশিক্ষণের পরিধি বৃদ্ধি করা যায়। | উপযোগী। অনলাইনে প্রশিক্ষণ কার্যক্রম স্বল্প ব্যয় স্বাপেক্ষ্যে স্বল্প সময়ে অধিক শিক্ষার্থির নিকট পৌঁছে দেয়া সম্ভব হবে। | | | | |

Md. Sajedul Kabir
Deputy Manager (Planning)
Bangladesh Parjatan Corporation

মোঃ নুরুল ইসলাম
ব্যবস্থাপক (পরিকল্পনা)
বাংলাদেশ পর্যটন করপোরেশন
ঢাকা।

মোঃ জাকির হোসেন সিকদার
মহাব্যবস্থাপক